



জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ অন্তর্বর্তী সরকার: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জনগণের প্রত্যাশা অনুযায়ী সরকার গঠিত না হওয়ায় রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানে সরকারের হস্তক্ষেপ বাড়ছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

মঙ্গলবার (৯ জুন) দুপুরে রাজধানীর মগবাজারে ২০২৬-২৭ অর্থবছরের জন্য জামায়াতের প্রস্তাবিত ছায়া বাজেট উপস্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, চক্ৰিশের গণঅভ্যুত্থানের পর জনগণের আকাঙ্ক্ষার ভিত্তিতে যে অন্তর্বর্তী সরকার গঠিত হয়েছিল, তারাও জনগণের প্রতি প্রত্যাশিত ন্যায়বিচার নিশ্চিত করতে পারেনি।

ডা. শফিকুর রহমান বলেন, স্বচ্ছতা ও সততা ছাড়া কোনো বাজেট কার্যকর হতে পারে না। তিনি জানান, অর্থবছরকে ক্যালেন্ডার বছরের সঙ্গে সমন্বয় করার প্রস্তাব সংসদে উত্থাপন করবে বিরোধী দল।

এ সময় সরকারের বাজেট প্রস্তাবনায় জনস্বার্থবিরোধী কোনো বিষয় থাকলে তা গঠনমূলক সমালোচনার মাধ্যমে সংশোধনের আহ্বান জানান জামায়াত আমির।